দৈনিক ইত্তেফাক

তারিখ ... ... [illegible] ৩.2000 ...
পৃষ্ঠা ১৬ কলাম ৬ ...

# আর হইতে চাই না আদু ভাই, ২৪শে জানুয়ারী পরীক্ষা চাই

*ইত্তেফাক রিপোর্ট ॥ পূর্ব নির্ধারিত ঘোষণা অনুযায়ী ২৪শে জানুয়ারী জাতীয় বিশ্ববিদ্যালয়ের ১৯৯৮ সালের অনার্স পার্ট-৩ ফাইনাল পরীক্ষা গ্রহণের দাবীতে ঢাকা কলেজের একদল ছাত্র গতকাল কলেজ ক্যাম্পাসে বিক্ষোভ*

(১৫শ পৃষ্ঠায় ৪-এর কলামে)



*১৯৯৮ সালের অনার্স পার্ট-৩ পরীক্ষা যথাসময়ে অনুষ্ঠানের দাবীতে গতকাল ঢাকা কলেজের হিসাব বিজ্ঞানের ছাত্র-ছাত্রীরা ঢাকা কলেজের সম্মুখের সড়ক অবরোধ করে —ইত্তেফাক*

## ২৪শে জানুয়ারী পরীক্ষা চাই

(শেষ পৃঃ পর)

এবং সড়ক অবরোধ কর্মসূচী পালন করে। মিছিলে 'আর হইতে চাই না আদু ভাই, ২৪শে জানুয়ারী পরীক্ষা চাই'-এই শ্লোগান ধ্বনিত হয়। কলেজ ক্যাম্পাস হইতে মিছিল শুরু হইয়া কেন্দ্রীয় শহীদ মিনারে পৌঁছাইলে এক সভার আয়োজন করা হয়। সভায় ২৪শে জানুয়ারী পরীক্ষা গ্রহণের সুস্পষ্ট ঘোষণা দেওয়ার জন্য কর্তৃপক্ষের নিকট আহ্বান জানান হইয়াছে।

এদিকে গতকাল জাতীয় বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ বিভিন্ন কলেজের অধ্যক্ষ ও অধ্যাপকদের সহিত এক যৌথ সভায় ২৪শে জানুয়ারী পূর্ব নির্ধারিত তারিখেই ১৯৯৮ সালের অনার্স পার্ট-৩ ফাইনাল পরীক্ষা গ্রহণের ব্যাপারে চূড়ান্ত সিদ্ধান্ত নিয়াছে। সভায় বলা হয়, যাহারা ২৪শে জানুয়ারী পরীক্ষা দিতে ব্যর্থ হইবে, তাহারা একই সিলেবাসে জুলাই/২০০০ মাসে অনুষ্ঠিতব্য অনার্স পার্ট-৩ পরীক্ষায় অংশ নিতে পারিবে। জাতীয় বিশ্ববিদ্যালয়ের প্রো-ভিসি বোরহানউদ্দিন খান জাহাঙ্গীর, মু লুৎফর রহমান, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের মহাপরিচালক নাইয়ার সুলতানা, বিশ্ববিদ্যালয়ের রেজিষ্ট্রার ফিরোজ আহমেদ আখতার ও পরীক্ষা নিয়ন্ত্রক বিনয় রতন বড়ুয়া সভায় উপস্থিত ছিলেন।